# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 16 June, 2025

বাংলাদেশ ক্রিকেটে এখন সময়টা ভালো যাচ্ছে না।একদিকে মাঠের পারফরম্যান্সে ঘাটতি, অন্যদিকে বাইরের নানা বিতর্ক–সব মিলিয়ে চাপের মুখে রয়েছে ক্রিকেটাররা।এর মধ্যেই মঙ্গলবার (১৮ জুন) থেকে শুরু হচ্ছে শ্রীলঙ্কার বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ।এই সিরিজকে সামনে রেখে আশাবাদ ব্যক্ত করেছেন জাতীয় দলের সাবেক ক্রিকেটার ও সাবেক নির্বাচক হান্নান সরকার।

সোমবার (১৭ জুন) মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে সাংবাদিকদের মুখোমুখি হয়ে হান্নান বলেন, "শ্রীলঙ্কায় খেলা বরাবরই কঠিন।কন্ডিশনের দিক থেকেও ওখানে আমাদের অতটা সাফল্য নেই।তবে যেহেতু আমাদের টেস্ট স্কোয়াডে অভিজ্ঞ ক্রিকেটার আছে, তারা ভালোভাবে দলকে গাইড করতে পারবে।'

তিনি বলেন, "আমার মনে হয়, এই সিরিজটা যদি আমরা ড্রও করতে পারি, সেটাও একটা বড় অর্জন হবে।২-০ ব্যবধানে জিততেই হবে এমন নয়।শ্রীলঙ্কার কন্ডিশনে আমাদের ভালো খেলাটাই হবে মূল চ্যালেঞ্জ।'

টেস্টে বাংলাদেশের সম্ভাবনা নিয়ে হান্নান বলেন, "টি-টোয়েন্টির পারফরম্যান্স নিয়ে যেভাবে সমালোচনা হচ্ছে, সেটা টেস্টে পুরোপুরি প্রযোজ্য নয়।আমাদের টেস্ট দলটায় কিছু স্পেশালিস্ট ও অভিজ্ঞ খেলোয়াড় রয়েছে।সাদমান, শান্ত, মুমিনুল, মুশফিক এবং মিরাজ–সবাই টেস্টে কার্যকর।মিরাজ তো সবসময় ওয়ানডে ও টেস্টে এক্স ফ্যাক্টর হিসেবেই কাজ করেছে।শ্রীলঙ্কার মাটিতে মুশফিকের রেকর্ড ভালো, যদিও সাম্প্রতিক সময়টা অফফর্মে যাচ্ছে।'

অধিনায়ক নাজমুল হোসেন শান্তকে নিয়ে হান্নান বেশ আশাবাদী।"শান্ত টেস্ট ফরম্যাটে যথেষ্ট পরিণত হয়েছে।তার অধিনায়কত্বেও পরিণতভাব এসেছে।আমি তার ওপর আস্থা রাখি।' – বলেন হান্নান।

প্রসঙ্গত, শ্রীলঙ্কার মাটিতে এ পর্যন্ত কোনো টেস্ট সিরিজ জিততে পারেনি বাংলাদেশ।এবারও প্রতিপক্ষকে ছাড়িয়ে সিরিজ জয় কঠিন হলেও, ড্র করাটাই আপাতত প্রধান লক্ষ্য হিসেবে দেখছেন সাবেক এই ওপেনার।

এখন দেখার বিষয়, মাঠের বাস্তবতা কতটা সাড়া দেয় হান্নান সরকারের প্রত্যাশার সঙ্গে।

ক্রিকেট মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম টেস্ট সিরিজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 19:17

URL: https://timestodaybd.com/sports/4946303455